# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৮১

১/ পবিত্রতা (كتاب الطهارة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ উটের গোশত আহারে উযু।

## باب مَا جَاءَ فِي الْوُضُوءِ مِنْ لُحُومِ الإِبِلِ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنِ الأَعْمَشِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ الرَّازِيِّ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى، عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ، قَالَ سُئِلَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَنِ الْوُضُوءِ مِنْ لُحُومِ الإِبِلِ فَقَالَ " تَوَضَّئُوا مِنْهَا " . وَسُئِلَ عَنِ الْوُضُوءِ مِنْ لُحُومِ الْغَنَمِ فَقَالَ " لاَ تَتَوَضَّئُوا مِنْهَا " . قَالَ وَفِي الْبَابِ عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ وَأُسَيْدِ بْنِ حُضَيْرٍ . قَالَ أَبُو عِيسَى وَقَدْ رَوَى الْحَجَّاجُ بْنُ أَرْطَاةَ هَذَا الْحَدِيثَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى عَنْ أُسَيْدِ بْنِ حُضَيْرٍ . وَالصَّحِيحُ حَدِيثُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ . وَهُوَ قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ . وَهُوَ قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ وَقَدْ رُوِيَ عَنْ بَعْضِ أَهْلِ الْعِلْمِ مِنَ التَّابِعِينَ وَغَيْرِهِمْ أَنَّهُمْ لَمْ يَرَوُا الْوُضُوءَ مِنْ لُحُومِ الإِبِلِ وَهُوَ قَوْلُ سُفْيَانَ الثَّوْرِيِّ وَأَهْلِ الْكُوفَةِ .

বাংলা

৮১. হান্নাদ (রহঃ) ..... বারা ইবনু আযিব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ননা করেন যে, উটের মাংস আহরের কারণে উযূ (ওজু/অজু/অযু) করা সম্পর্কে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট জিজ্ঞাসা করা হলে তিনি বললেনঃ এই কারণে তোমরা উযূ করে নিও। মেষের মাংস আহরের ক্ষেত্রে উযূ সম্পর্কে জিজ্ঞাসা করে হলে তিনি বললেনঃ এতে তোমাদের উযূ করতে হবে না। - ইবনু মাজাহ ৪৯৪, তিরমিজী হাদিস নম্বরঃ ৮১ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে জাবির ইবনু সামুরা, উসায়দ ইবনু হুযায়র রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত রয়েছে। ইমাম আবূ ঈসা তিরমিযী বলেনঃ হাজ্জাজ ইবনু আরতাত (রহঃ) আবদুল্লাহ ইবনু আবদিল্লাহ---আবদুর রাহমান ইবনু আবী লায়লা এর সূত্রে উসায়দ ইবনু হুযায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে এই হাদিসটি বর্ণনা করেছেন। সহীহ হল আবদুর রহমান ইবনু আবী লায়লা-বারা ইবনু আযিব রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণিত রিওয়ায়াতটি। ইমাম আহমদ ও

ইসহাকও এই কথা বলেছেন। উবায়দা আয্যাববী আবদুল্লাহ ইবনু আবদিল্লাহ্ আর-রাযী- আদুর রহমান ইবনু আবী লায়লা যুল গুররা সনদে হাদিসটি বর্ণনা করেছেন। হাম্মাদ ইবনু সালামা (রহঃ) হাজ্জাজ ইবনু আরতাত এর সনদে হাদিসটি বর্ণনা করতে দিয়ে এর সনদে ভুল করেছেন। তিনি আবদুল্লাহ ইবনু আবদির রাহমান স্বীয় পিতা আবদুর রাহমান ইবনু আবী লায়লা উসায়দ ইবনু হাযায়র রাদিয়াল্লাহু আনহু সনদে হাদিসটি উল্লেখ করেছেন; অথচ সহীহ হল, আবদুল্লাহ ইবনু আবদিল্লাহ আর-রাযী আবদুর রহমান ইবনু আবী লায়লা -- বারা ইবনু আযিব রাদিয়াল্লাহু আনহু।

ইসহাক (রহঃ) বলেন এই বিষয়ে দুইটি রিওয়ায়াত অধিকতর সহীহ; একটি হল বারা এর এবং অপরটি হল জাবির ইবনু সামুরা রাদিয়াল্লাহু আনহু’র রিওয়ায়াত। এ হল ইমাম আহমদ ও ইসহাক (রহঃ) এর অভিমত। তাবিঈ ও অপরাপর কতক আলিম থেকে বর্ণিত আছে যে, তাঁর উটের মাংস আহারের কারণে উযূ করতে হবে বলে মনে করেন না। এ হলো সুফইয়ান ছাওরী ও কূফাবাসী আলিমগণের অভিমত।

## English

Al-Bara bin Azib narrated:
Allah's Messenger was asked about performing Wudu for camel meat. He said: "Perform Wudu for it." He Was asked about Wudu after eating goat meat. So he said: "Do not perform Wudu for it."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=16404

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন